দৈনিক ইত্তেফাক

তারিখ ... ... JAN. 21 2000...
পৃষ্ঠা ১৬ কলাম ১...

22

# অবরুদ্ধ চট্টগ্রাম ভার্সিটিতে শিবির-ছাত্রলীগ সংঘর্ষ ॥ ৪ জন আহত

চট্টগ্রাম অফিস ॥ গতকাল বৃহস্পতিবার দুপুরে চট্টগ্রাম বিশ্ববিদ্যালয় ক্যাম্পাসে ছাত্রলীগ ও ছাত্রশিবির কর্মীদের মধ্যে সংঘর্ষে ৪ জন আহত হইয়াছে। কলাভবনের সম্মুখে ছাত্রলীগের কয়েকজন কর্মীকে শিবির কর্মীরা ধাওয়া করে। এ সময় ছাত্রলীগ শহীদ মিনার এলাকায় এবং শিবির লাইব্রেরীর সম্মুখ হইতে পরস্পরের প্রতি ইট-পাটকেল নিক্ষেপ করিতে থাকে। প্রায় আধঘন্টা সংঘর্ষের পর পুলিশ লাঠিচার্জ শুরু করে। ইহাতে ছাত্ররা ছত্রভঙ্গ হইয়া যায়। লাঠিচার্জে ৪ জন আহত হয়। আহতদের মধ্যে কামাল নামে তৃতীয় বর্ষ দর্শনের এক ছাত্রকে

(১৫শ পৃষ্ঠায় ৫-এর কঃ দ্রঃ)

## অবরুদ্ধ চট্টগ্রাম ভার্সিটি

(শেষ পৃষ্ঠার পর)

বিশ্ববিদ্যালয় মেডিক্যাল সেন্টারে ভর্তি করা হইয়াছে। কামালকে ছাত্রলীগ ও শিবির উভয়ই তাহাদের সংগঠনের কর্মী বলিয়া দাবী করিয়াছে।

এদিকে ছাত্র শিবিরের অবরোধের ৬ষ্ঠ দিনে গতকাল ও (বৃহস্পতিবার) চট্টগ্রাম বিশ্ববিদ্যালয়ে কোন ক্লাস বা প্রশাসনিক ভবনে কোন কাজ-কর্ম হয় নাই। ক্যাম্পাসে কোন যানবাহন চলাচল করে নাই। হলসমূহে ছাত্রলীগ ও ছাত্র শিবিরের কিছু কর্মী ছাড়া সাধারণ ছাত্র-ছাত্রীরা আসে নাই। শিবির তাহাদের দুই কর্মী রহিমুদ্দিন ও মাহমুদের হত্যাকারীদের গ্রেফতারের দাবীতে গত ১৫ই জানুয়ারী হইতে অবরোধ কর্মসূচী পালন করিতেছে।

### বিএনপি ও জামায়াত সমর্থিত শিক্ষকদের সভা

চট্টগ্রাম বিশ্ববিদ্যালয়ের বিএনপি ও জামায়াত সমর্থিত শিক্ষকগণ গত বুধবার এক সভায় বলিয়াছেন, বিশ্ববিদ্যালয়ের শিক্ষক-কর্মকর্তা-কর্মচারী এবং ছাত্র-ছাত্রীরা সন্ত্রাসের নিকট জিম্মি হইয়া পড়িয়াছে। বিজ্ঞান অনুষদের ডীন অধ্যাপক ডঃ ইউসুফ শরীফ আহমদ খানের সভাপতিত্বে অনুষ্ঠিত সভায় বলা হয়, ভিসি ও প্রো-ভিসি রাজনৈতিক উচ্চাভিলাষ পূরণের লক্ষ্যে বিশ্ববিদ্যালয়কে দলীয় অফিস ও প্রতিষ্ঠান হিসাবে ব্যবহার করিতেছেন। সভায় বক্তব্য রাখেন অধ্যাপক বদিউল আলম, আবু সালেহ, নূরুল ইসলাম, অধ্যাপক শামসুদ্দীন, মুনির আহমদ প্রমুখ।